# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪৪

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সাত রীতির কোন এক রীতিতে কুর‘আন পাঠ করবে, তাকে তিরস্কার করার ব্যাপারে সতর্কীকরণ

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْعَتْبِ عَلَى مَنْ قَرَأَ بِحَرْفٍ مِنَ الْأَحْرُفِ السَّبْعَةِ

---

আরবী

744 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يَعْقُوبَ الْخَطِيبُ بِالْأَهْوَازِ قَالَ: حَدَّثَنَا مَعْمَرُ بْنُ سَهْلٍ قَالَ: حَدَّثَنَا عَامِرُ بْنُ مُدْرِكٍ قَالَ: حَدَّثَنَا إِسْرَائِيلُ عَنْ عَاصِمٍ عَنْ زِرٍّ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: أَقْرَأَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُورَةَ الرَّحْمَنِ فَخَرَجْتُ إِلَى الْمَسْجِدِ عَشِيَّةً فَجَلَسَ إِلَيَّ رَهْطٌ فَقُلْتُ لِرَجُلٍ: اقْرَأْ عَلَيَّ فَإِذَا هُوَ يقرأ أحرفاً لا أقرأها فقُلْتُ: مَنْ أَقْرَأَكَ؟ فَقَالَ: أَقْرَأَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَانْطَلَقْنَا حَتَّى وَقَفْنَا عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ: اخْتَلَفْنَا فِي قِرَاءَتِنَا فَإِذَا وَجْهُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهِ تَغَيُّرٌ وَوَجَدَ فِي نَفْسِهِ حِينَ ذَكَرْتُ الِاخْتِلَافَ فَقَالَ: (إِنَّمَا هلك من قبلكم بالاختلاف) فأمرعلياً فَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُرُكُمْ أَنْ يَقْرَأَ كُلُّ رَجُلٍ مِنْكُمْ كَمَا عُلِّمَ فَإِنَّمَا أَهْلَكَ مَنْ قَبْلَكُمُ الِاخْتِلَافُ قَالَ: فَانْطَلَقْنَا وَكُلُّ رَجُلٍ مِنَّا يَقْرَأُ حَرْفًا لا يقرأ صاحبه.
الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 744 | خلاصة حكم المحدث: حسن.

বাংলা

৭৪৪. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে সূরা আর রহমান পড়িয়েছেন। আমি একদিন সন্ধায় মসজিদে প্রবেশ করলাম, এসময় একদল লোক আমার কাছে বসলেন। আমি এক ব্যক্তিকে বললাম, “আমাকে কুর‘আন পড়ে শুনান। অতঃপর তিনি এমন কিছু পঠন-রীতিতে কুর‘আন পাঠ করলেন, যেভাবে আমি পাঠ করি না। ফলে আমি তাকে বললাম, “আপনাকে কুর‘আন কে পড়িয়েছেন?” তিনি বললেন, “আমাকে কুর‘আন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পড়িয়েছেন।” অতঃপর আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে দাঁড়ালাম। আমি

বললাম, “কুর‘আন পঠনে আমাদের মাঝে মতভেদ সৃষ্টি হয়েছে।” অতঃপর আমরা দেখলাম যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর চেহারা বিবর্ণ হয়ে গেছে!” যখন আমি তাঁকে কুর‘আন পঠনে মতানৈক্যের কথা বলেছি, তখন তিনি কষ্ট পেয়েছেন। তিনি বলেন, “তোমাদের পূর্ববর্তী জাতির লোকেরা মতানৈক্যের কারণে ধ্বংস হয়ে গেছে।” অতঃপর তিনি আলী রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহুকে নির্দেশ দিলেন: “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আপনাদেরকে আদেশ করছেন আপনাদের প্রত্যেকেই যেন কুর‘আন সেভাবে পাঠ করতে যেভাবে তাকে শিক্ষা দেওয়া হয়েছে। কেননা মতভেদ তোমাদের পূর্ববর্তী লোকদের ধ্বংস করে দিয়েছে।” রাবী বলেন, “তারপর আমরা সেখান থেকে চলে আসি, আর আমাদের প্রত্যেকেই তার সঙ্গী থেকে ভিন্ন রীতিতে কুর‘আন পড়তে থাকেন।”[1]

## ফুটনোট

[1] হাকিম: ২/২২৩; আত তায়ালিসী: ৩৮৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৫২৯; মুসনাদ আহমাদ: ১/৩৯৩; সহীহ আল বুখারী: ২৪১০; বাগাবী, শারহুস সুন্নাহ: ১২২৯।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। ( আসসহীহাহ: ১৫২২।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89247

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন